দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JAN 1996
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৬

## ডিএইচএসএস পরীক্ষা সম্পর্কে জ্ঞাতব্য

বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, গত ২১-২৮শে ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের ডি এইচ এম এস ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী বিভিন্ন অপপ্রচার, কেন্দ্রের অব্যবস্থা এবং কয়েকটি কেন্দ্রের সচিব বা অধ্যক্ষের অসহযোগিতার কারণে আংশিক বা সকল বিষয়ের পরীক্ষা দিতে পারে নাই, তাহাদের পরীক্ষা ২৭শে জানুয়ারী হইতে পুনরায় শুরু হইবে। পরীক্ষার সময়সূচী সম্পর্কে পরীক্ষার্থিগণকে নিজ নিজ কলেজে যোগাযোগ করিতে বলা হইয়াছে।